৩০১. ব্যাংকে তহবিলের মূল উৎস কী? (জ্ঞান)
ক পরিশোধিত মূলধন খ বৈদেশিক মুদ্রা
গ ঋণের সুদ ঘ আমানত **ঘ**

৩০২. ব্যাংকে টাকা জমা রাখাকে ঝুঁকিহীন বিনিয়োগ বলা হয় কেন? (উচ্চতর দক্ষতা)
ক অতিরিক্ত অর্থের প্রয়োজন মেটায় বলে
খ ঋণ পাবার নিশ্চয়তা থাকে বলে
গ সময়মতো নির্দিষ্ট হারে সুদ পাওয়া যায় বলে
ঘ আমানতের সর্বোচ্চ নিরাপত্তা থাকে বলে **গ**

৩০৩. ব্যাংক জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করার কারণ কোনটি? (জ্ঞান)
ক সুদ প্রদান করা
খ ব্যবসায়ীদের লেনদেন বৃদ্ধি করা
গ ব্যাংকের তহবিল গঠন করা
ঘ জনগণের আর্থিক উন্নতি করা **গ**

৩০৪. ব্যাংক হিসাবের বিক্ষিপ্ত সঞ্চয় পুঞ্জিভূত করে কোনটি গঠন করা হয়? (জ্ঞান)
ক রেমিটেন্স খ আমানত
গ মূলধন ঘ ঋণ **গ**

৩০৫. ব্যাংক হিসাব খোলার মাধ্যমে — (অনুধাবন)
i. তহবিল গঠিত হয় ii. সম্পত্তি বৃদ্ধি পায়
iii. আমানত সংগৃহীত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৩০৬. ব্যাংক হিসাব কত প্রকার? (জ্ঞান)
ক ২ প্রকার খ ৩ প্রকার
গ ৪ প্রকার ঘ ৫ প্রকার **খ**

৩০৭. সঞ্চয়ী হিসাব কাদের জন্যে অধিক উপযোগী? (জ্ঞান)
ক নির্দিষ্ট আয়ের জনগণ
খ অধিক আয়ের ব্যবসায়ী
গ অনির্দিষ্ট আয়ের জনগণ
ঘ ক্ষুদ্র ব্যবসায়ী **ক**

৩০৮. কোন হিসাবে মেয়াদ পূর্তির আগে টাকা উত্তোলনে গ্রাহক সুদ হতে বঞ্চিত হয়? (জ্ঞান)
ক সঞ্চয়ী হিসাবে
খ বৈদেশিক মুদ্রা হিসাবে
গ বিমা সঞ্চয়ী হিসাবে ঘ স্থায়ী হিসাবে **ঘ**

৩০৯. অধিক মুনাফা অর্জনের জন্যে কোন হিসাব উপযোগী? (জ্ঞান)
ক সঞ্চয়ী হিসাব খ স্থায়ী হিসাব
গ চলতি হিসাব ঘ ঋণ আমানতি হিসাব **খ**

৩১০. জয় ব্যবসায়িক প্রয়োজনে ব্যাংক থেকে অর্থ উত্তোলন করতে গিয়ে দেখলেন তার ব্যাংক হিসাবে পর্যাপ্ত অর্থ নেই। কিন্তু তা সত্ত্বেও তিনি অর্থ উত্তোলন করতে সমর্থ হলেন। ব্যাংক জয়কে টাকা প্রদানের কারণ কী? (উচ্চতর দক্ষতা)
ক প্রশাসনিক হস্তক্ষেপ ছিল
খ অর্থনৈতিক সমৃদ্ধির আশায়
গ জমাতিরিক্ত ঋণ দিয়েছে
ঘ ব্যবসায়িক ঋণ নিয়েছে **গ**

৩১১. FDR কী? (অনুধাবন)
ক চলতি হিসাবের রশিদ
খ আমানতকারীর হিসাবের রশিদ
গ সঞ্চয়ী হিসাবের রশিদ
ঘ স্থায়ী আমানত হিসাবের রশিদ **ঘ**

৩১২. নির্দিষ্ট মেয়াদ শেষে সুদসহ জমাকারীর অর্থ ফেরত দেওয়া হয় কোন হিসাবে? (জ্ঞান)
ক চলতি হিসাবে খ সঞ্চয়ী হিসাবে
গ বৈদেশিক মুদ্রা হিসাবে
ঘ ডিপোজিট পেনশন স্কিম হিসাবে **ঘ**

৩১৩. স্থায়ী হিসাবে — (অনুধাবন)
i. নির্দিষ্ট মেয়াদ থাকে
ii. চেক বই ইস্যু হয়
iii. সুদ বা লাভের পরিমাণ বেশি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৩১৪. কোন ধরনের প্রতিষ্ঠান ব্যাংকে সঞ্চয়ী হিসাব খুলতে পারে? (জ্ঞান)
ক শিক্ষা প্রতিষ্ঠান খ শিল্প কারখানা
গ সি. এ. ফার্ম
ঘ ক্ষুদ্র ব্যবসায়ী প্রতিষ্ঠান **ক**

teachingbd.com

৩১৫. হিসাব খোলার ক্ষেত্রে ট্রেড লাইসেন্স প্রয়োজন হয় কাদের? (জ্ঞান)
ক কোম্পানির খ সরকারি কর্মকর্তার
গ স্কুলছাত্রের ঘ অংশীদারি ব্যবসায়ের ঘ

**উদ্দীপকটি পড়ো এবং ৩১৬-৩১৭ নং প্রশ্নের উত্তর দাও।**
সিরাজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। সে একটি বিমা কোম্পানিতে খণ্ডকালীন চাকরি করে। সে বেতনের টাকা দিয়ে মাসিক খরচ নির্বাহের পর কিছু টাকা জমা করতে পারে। তাই জমানো টাকা দিয়ে তিনি ব্যাংকে হিসাব খুলবেন বলে ভাবছেন।

৩১৬. ব্যাংকে হিসাব খোলার জন্যে সিরাজ কার বরাবর আবেদন করবে? (প্রয়োগ)
ক ব্যাংক কর্মী খ ব্যাংক পরিচালক
গ ব্যাংক ব্যবস্থাপক ঘ ব্যাংকের মক্কেল গ

৩১৭. হিসাব খোলার আবেদন পত্রের সাথে সিরাজ কত কপি ছবি জমা দিবে? (প্রয়োগ)
ক দু কপি খ তিন কপি
গ চার কপি ঘ পাঁচ কপি খ

৩১৮. কার্ডের মাধ্যমে কোথা থেকে টাকা উত্তোলন সম্ভব? (জ্ঞান)
ক ব্যাংকের শাখা থেকে
খ ব্যাংকের প্রধান কার্যালয় থেকে
গ এটিএম বুথ থেকে
ঘ ইন্টারনেট থেকে গ

৩১৯. কোন কার্ডের মাধ্যমে বাকিতে মালামাল ক্রয়ের সুযোগ থাকে? (জ্ঞান)
ক ডেবিট কার্ডে খ ক্রেডিট কার্ডে
গ পাঞ্চিং কার্ডে ঘ ম্যাগনেটিক কার্ডে খ

৩২০. রিমান একটি ইলেকট্রনিক যন্ত্রের সামনে গিয়ে এর মাধ্যমে ব্যাংকের কর্মচারীর উপস্থিতি ছাড়াই কীসের মাধ্যমে অর্থ উত্তোলন করলেন? (প্রয়োগ)
ক কম্পিউটারের মাধ্যমে
খ স্ক্যানারের মাধ্যমে
গ এটিএম বুথের মাধ্যমে
ঘ সাইবারের মাধ্যমে গ

৩২১. ফোন ব্যাংকিং-এ কোনটি লক্ষ রাখতে হয়? (জ্ঞান)
ক সকল উপকরণের সহজলভ্যতা
খ গ্রাহকের পরিচয় সত্যতা
গ গ্রাহকের অভিভাবক চিহ্নিতকরণ
ঘ দক্ষ কর্মী দ্বারা পরিচালনা করা খ

৩২২. এসএমএস-এর মাধ্যমে ব্যাংকিং সেবা প্রদান করতে পারার যুক্তিসঙ্গত কারণ কোনটি? (উচ্চতর
ক ফোন কোম্পানির নির্দেশিত বিষয়ের অন্তর্গত
খ সাধারণ ব্যাংকিং সেবার অন্তর্গত
গ ইলেকট্রনিক ব্যাংকিং সেবার অন্তর্গত
ঘ গ্রাহকদের অত্যধিক চাহিদার অন্তর্গত গ

৩২৩. কোনটিকে ব্যক্তিগত ঋণ বলা হয়? (জ্ঞান)
ক ডেবিট কার্ড খ ক্রেডিট কার্ড
গ এটিএম ঘ সুইফট খ

**উদ্দীপকটি পড়ো এবং ৩২৪-৩২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. কবির তার ব্যবসায়ের সুবিধার্থে ইন্টারনেট ব্যাংকিং-এর নিবন্ধিত হন। ব্যাংক হিসাবের মাধ্যমে দেশে-বিদেশে সে ব্যবসায় লেনদেন সম্পাদন করে। এতে তার ব্যবসার প্রসার ঘটে ও আধুনিক তথ্য প্রযুক্তির সাথে যুক্ত থাকে।

৩২৪. মি. কবিরের ইন্টারনেট ব্যাংকিং সেবা গ্রহণের কারণ হচ্ছে — (প্রয়োগ)
i. যেকোনো সময়ে হিসাবের বিবরণী দেখা
ii. তহবিল স্থানান্তর করতে পারা
iii. যেকোনো স্থান থেকে বিল প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৩২৫. মি. কবিরের জন্যে ইন্টারনেট ব্যাংকিং নিরাপদ কীভাবে? (উচ্চতর দক্ষতা)
ক নাম দ্বারা নিবন্ধিত
খ সার্ভার দ্বারা নিবন্ধিত
গ ব্যাংক দ্বারা নিবন্ধিত
ঘ পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত ঘ

Teachingbd.com